



**ড. নুরুল ইসলাম
বঙ্গবন্ধু কৃষি ভার্শিটির
ট্রেজারার নিযুক্ত**

ড. মো. নুরুল ইসলাম ২৪শে জুলাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিয়োগ লাভ করেছেন। বিশ্ববিদ্যালয়ের আইন ১৯৯৮ এর ১৩(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর পরিকল্পনা কমিশনের যুগ্ম প্রধান (অবসরপ্রাপ্ত) ড. মো. নুরুল ইসলামকে ৪ বছরের জন্য এ পদে নিয়োগদান করেছেন। তিনি বৃথবার ট্রেজারার পদে দায়িত্বভার গ্রহণ করেন।

ড. মো. নুরুল ইসলাম বরিশাল জেলার মুলাদী উপজেলার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এমএসসি (এজি) ডিগ্রি এবং ১৯৬৮ সালে যুক্তরাজ্যের এক্সিটার বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

ট্রেজারার পদে যোগদানের আগে ড. ইসলাম তার দীর্ঘ কর্মজীবনে অনেক গুরুত্বপূর্ণ পদ অলঙ্কৃত করেছেন এবং সবক্ষেত্রে নিষ্ঠা ও দক্ষতার স্বাক্ষর করেছেন। তিনি সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক বিভিন্ন কর্মকাণ্ডের সঙ্গে জড়িত রয়েছেন। কৃষির উন্নয়ন, পরিকল্পনা ও ব্যবস্থাপনা এবং জনসম্পদ উন্নয়ন, পরিবেশ ও পরিকল্পনা বিষয়ে ড. ইসলামের রয়েছে দীর্ঘ সময়ের অভিজ্ঞতা। তিনি ৪টি উন্নয়ন প্রকল্পেরও পরিচালক ছিলেন। তিনি লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট, বিসিএস (অর্থনীতি) পরিষদের প্রেসিডেন্ট এবং বরিশাল জেলা উত্তর জাতীয়তাবাদীদের আহ্বায়ক ছিলেন। তিনি একজন মুক্তিযোদ্ধা।

ড. নুরুল ইসলাম বর্তমানে এগ্রিকালচার অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (অ্যাব)-এর প্রেসিডেন্ট এবং বাংলাদেশ জাতীয়তাবাদীদের (বিএনপি) কৃষক দলের উপদেষ্টা। সংবাদ বিজ্ঞপ্তি।